গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১৪.২২.১৪১৩

তারিখ: ২৪ অগ্রহায়ণ ১৪২৯
০৯ ডিসেম্বর ২০২২

বিষয়: **চট্টগ্রাম বন্দরের বহিনোঙ্গরে আগত গমবাহী মূল জাহাজ হতে লাইটার জাহাজে চট্টগ্রাম সাইলো জেটি ও পতেঙ্গা কন্টেইনার টার্মিনাল হতে পরিবাহিত ঢালা গম বস্তাবন্দি করে সড়ক পথে চট্টগ্রাম বিভাগের সিএসডি/এলএসডির অনুকূলে গমের চলাচল সূচির অনুমোদন প্রদান**

সূত্র: আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম এর ০৮-১২-২০২২ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.২১০.৫১.০০৪.২২.৪৪৪৩ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্যাকেজ ০৯ এবং জি টু জি চুক্তির আওতায় আগত গমবাহী মাদার ভেসেল থেকে চট্টগ্রাম সাইলোতে গ্রহণের উদ্দেশ্যে বোঝাইকৃত নিম্নোক্ত লাইটারসমূহ ভাসমান অবস্থায় আছে। উক্ত লাইটারসমূহ দ্রুত খালাস করা প্রয়োজন।

**সারণী-১**

| ক্র.নং | জাহাজের নাম | লাইটার জাহাজের নাম | পরিবহণের পরিমাণ (মে.টন) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | MV. MAGNUM FORTUNE | LAMIA | ১৯৮০.০০০ | |
| | | HABIB & OLI 6 | ২৩১০.০০০ | |
| | | KAFELA 3 | ২২২৫.০০০ | |
| | | OCEAN VIEW | ২৫০০.০০০ | |
| | | SOCRATES 1 | ২১৩০.০০০ | |
| | | SIRAJUL ISLAM 3 | ২১৪৫.০০০ | |
| | | AL ASHOR 1 | ২৫৫০.০০০ | |
| | | SAHARA MAHMUD | ২২৩৫.০০০ | |
| | | SABID HUSSAIN | ১৫৪১.২৩৩ | |
| ২. | MV. VERUDA | ABU NAYEEM 6 | ১২৩৫.০০০ | |
| | | MODHU KAJI | ১৩২৫.০০০ | |
| ৩. | MV. INCE KARADENIZ | MOTTAKIN 2 | ২৫২০.০০০ | |
| | | J AND Z 1 | ২০৪৫.০০০ | |
| | | TANVIR HASAN | ৮৮০.০০০ | |
| | | মোট = | ২৭৬২১.২৩৩ | |

উল্লিখিত লাইটারসমূহের গম খালাস করার জন্য চট্টগ্রাম সাইলোতে ঢালা গ্রহণের পাশাপাশি চট্টগ্রাম সাইলো জেটি ও পতেঙ্গা কন্টেইনার ট্রার্মিনালের মাধ্যমে বস্তাবন্দি করে সড়ক পথে চট্টগ্রাম বিভাগের বিভিন্ন এলএসডি/সিএসডি'র অনুকূলে লাইটারবাহী গমের মধ্য থেকে ১০,০০০ মে.টন গমের চলাচল সূচির অনুমোদন প্রদানের জন্য সূত্রস্থ স্মারকে নিম্নোক্তভাবে প্রেরণ করা হয়েছে।

সড়ক পথে গমের চলাচলসূচিঃ

| ক্র. নং | প্রেরক জেলা | প্রেরণ কেন্দ্র | প্রাপক জেলা | প্রাপক কেন্দ্র | পরিমাণ (মে.টন) | পণ্য | রুট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | চট্টগ্রাম | চট্টগ্রাম সাইলো জেটি/ পতেঙ্গা কন্টেইনার টার্মিনাল | চাঁদপুর | চাঁদপুর সিএসডি | ১০০০ | আমদানিকৃত বস্তাবন্দি গম | সড়ক পথ | |
| ২. | ঐ | ঐ | ব্রাহ্মণবাড়িয়া | ব্রাহ্মণবাড়িয়া এলএসডি | ১০০০ | ঐ | ঐ | |
| ৩. | ঐ | ঐ | লক্ষ্মীপুর | লক্ষ্মীপুর এলএসডি | ৫০০ | ঐ | ঐ | |
| ৪. | ঐ | ঐ | নোয়াখালী | সোনাপুর এলএসডি | ৫০০ | ঐ | ঐ | |
| ৫. | ঐ | ঐ | ঐ | বেগমগঞ্জ এলএসডি | ২০০ | ঐ | ঐ | |
| ৬. | ঐ | ঐ | ঐ | চৌমুহনী এলএসডি | ২০০ | ঐ | ঐ | |
| ৭. | ঐ | ঐ | ঐ | সোনাইমুড়ী এলএসডি | ৩০০ | ঐ | ঐ | |
| ৮. | ঐ | ঐ | কুমিল্লা | ধর্মপুর এলএসডি | ৮০০ | ঐ | ঐ | |
| ৯. | ঐ | ঐ | ঐ | দেবীদ্বার এলএসডি | ১২০ | ঐ | ঐ | |
| ১০. | ঐ | ঐ | ঐ | মুরাদনগর এলএসডি | ২০০ | ঐ | ঐ | |
| ১১. | ঐ | ঐ | ঐ | দৌলতগঞ্জ এলএসডি | ৪০০ | ঐ | ঐ | |
| ১২. | ঐ | ঐ | ফেনী | ফেনী এলএসডি | ৪০০ | ঐ | ঐ | |
| ১৩. | ঐ | ঐ | কক্সবাজার | কক্সবাজার এলএসডি | ২০০ | ঐ | ঐ | |
| ১৪. | ঐ | ঐ | বান্দরবান | বান্দরবান এলএসডি | ২০০ | ঐ | ঐ | |
| ১৫. | ঐ | ঐ | ঐ | লামা এলএসডি | ৩০ | ঐ | ঐ | |
| ১৬. | ঐ | ঐ | রাঙ্গামাটি | রাঙ্গামাটি এলএসডি | ৩০০ | ঐ | ঐ | |
| ১৭. | ঐ | ঐ | ঐ | কাউখালী এলএসডি | ৫০ | ঐ | ঐ | |
| ১৮. | ঐ | ঐ | ঐ | বরইছড়ি এলএসডি | ১০০ | ঐ | ঐ | |
| ১৯. | ঐ | ঐ | খাগড়াছড়ি | খাগড়াছড়ি এলএসডি | ৪০০ | ঐ | ঐ | |
| ২০. | ঐ | ঐ | ঐ | দীঘিনালা এলএসডি | ২০০ | ঐ | ঐ | |
| ২১. | ঐ | ঐ | চট্টগ্রাম | নাজিরহাট এলএসডি | ২৫০ | ঐ | ঐ | |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ২২. | ঐ | ঐ | ঐ | হালিশহর সিএসডি | ২০০০ | ঐ | ঐ | |
| ২৩. | ঐ | ঐ | ঐ | দেওয়ানহাট সিএসডি | ৬৫০ | ঐ | ঐ | |
| | | | | মোট = | ১০০০০ | | | |

এমতাবস্থায়, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম এর প্রস্তাবমতে সারণী-১ উল্লিখিত লাইটারসমূহ থেকে সড়ক পথে মোট ১০০০০ (দশ হাজার) মে.টন গম বস্তাবন্দি আকারে পরিবহণের জন্য চলাচল সূচি জারির অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হলো।

**নির্দেশনাসমূহ:**

১। খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচল সূচি প্রণয়ন নীতিমালা, ২০০৮ অনুযায়ী খাদ্যশস্য পরিবহণ কার্যক্রম সম্পাদন করতে হবে;

২। লাইটারসমূহ হতে বস্তাবন্দি আকারে খালাস কার্যক্রমের যাবতীয় খরচ শিপিং এজেন্ট বহন করবেন;

৩। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮/০৬/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে আখানি/চসনি/জেখানি প্রযোজ্য ক্ষেত্রে সূচির এলএসডি/সিএসডি'র ক্রমানুযায়ী উপ-সূচি জারি করবেন এবং অত্র দপ্তরে উক্ত উপ-সূচির কপি/অনুলিপি প্রেরণ করবেন।

৪। প্রেরক ও প্রাপক কেন্দ্রের সংশ্লিষ্ট সাইলো অধীক্ষক/জেলা খাদ্য নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (প্রযোজ্য ক্ষেত্রে) গম পরিবহণ, বোঝাই ও খালাস কার্যক্রম তদারকি করবেন। কোথাও অনিয়ম বা সমস্যার উদ্ভব হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে ত্বরিত অবহিত করবেন।

৫। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাতে হবে এবং এ বিষয়ে আখানি, জেখানি, সাইলো অধীক্ষক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথখাতে প্রদর্শন করা যাবে না।

৬। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই অবিলম্বে প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক ফ্যাক্স/ দাপ্তরিক ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে।

৭। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রতিস্বাক্ষরিত) দাপ্তরিক ই-মেইল যোগে অধিদপ্তরে প্রেরণ করবেন।

৮। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ এই সূচি অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্ত জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএন্ডএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন।

৯। সূচির প্রণয়নকারী সূচির মেয়াদ নির্ধারণ করবেন।

১০। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণসহ জরুরি বিবেচনায় পরবর্তীতে নতুন সূচি কিংবা সরকারি স্বার্থে আগ্রহী ঠিকাদারদের অনুকূলে উপ-সূচি জারি করা হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

৯-১২-২০২২
মোঃ ফজলে রাব্বী হায়দার
উপপরিচালক
ফোন: +৮৮-০২-৯৫৮৪৮৩৪
ফ্যাক্স: +৮৮-০২-৯৫৫৬০৬৭
ইমেইল: dg@dgfood.gov.bd

প্রাপক :
১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম
২) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১৪.২২.১৪১৩/১(৮)

তারিখ: ২৪ অগ্রহায়ণ ১৪২৯
০৯ ডিসেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
২) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
৩) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
৪) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
৫) জেলা খাদ্য নিয়ন্ত্রক, ........................................
৬) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৭) ব্যবস্থাপক, ....................................... সিএসডি
৮) ভারপ্রাপ্ত কর্মকর্তা, ......................................... এলএসডি

৯-১২-২০২২
মোঃ ফজলে রাব্বী হায়দার
উপপরিচালক